



মোঃ রেজাউল আহসান

জনাব মোঃ রেজাউল আহসান ০৫ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে ০৬ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে সচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। বর্তমান পদে যোগদানের পূর্বে তিনি মন্ত্রিপরিষদ বিভাগে অতিরিক্ত সচিব পদে কর্মরত ছিলেন।

জনাব মোঃ রেজাউল আহসান বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৮ম (১৯৮৬) ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৯৮৯ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করেন। তিনি কেন্দ্রীয় ও মাঠ প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। তিনি মাঠ প্রশাসনে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি কেন্দ্রীয় প্রশাসনে বাংলাদেশ সরকারের উপসচিব হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে, উপসচিব, যুগ্ম সচিব ও অতিরিক্ত সচিব হিসেবে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে এবং অতিরিক্ত সচিব হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ রেজাউল আহসান ১৯৬২ সালে রংপুর জেলার মিঠাপুকুর উপজেলায় এক মুসলিম সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি দুই পুত্র সন্তানের জনক।

জনাব মোঃ রেজাউল আহসান বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৪ সালে কৃষি বিষয়ে বিএসসি (স্নাতক), ১৯৮৫ সালে কৃষি তত্ত্ব বিষয়ে এমএসসি এবং ২০০৪ সালে ইংল্যান্ডের The City and Guilds of London Institute থেকে Diploma in Software Applications ডিগ্রী অর্জন করেন।

বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদানের পর হতে তিনি দেশে-বিদেশে বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ গ্রহণ করেছেন। বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র হতে **Managing at the Top-2 ও Senior Staff Course**, BNCU & ISESCO হতে **Development of Cultural Tourism in the Asian and Pacific** কোর্স, দক্ষিণ কোরিয়ার KOICA হতে **Middle Management Course on Administration**, যুক্তরাষ্ট্রের Duke University হতে **Professional Development Program** এবং কানাডার University of Ottawa হতে **Public Private Partnership** বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ সম্পন্ন করেন।

তিনি বিভিন্ন সামাজিক ও কল্যাণমূলক সংগঠনের সাথে জড়িত। বর্তমানে তিনি ঢাকাস্থ রংপুর জেলা সমিতির সভাপতির দায়িত্ব পালন করছেন।

দাপ্তরিক প্রয়োজনে তিনি ফিলিপাইন, ভারত, ভিয়েতনাম, থাইল্যান্ড, রাশিয়া, অস্ট্রেলিয়া ও চীনসহ বিভিন্ন দেশ সফর করেছেন।